

নং- এডি-পি(২)-২২৩৪/৫৬

০৪ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ  
তারিখঃ-----  
১৯ সেপ্টেম্বর ২০১৯ খ্রিস্টাব্দ

অফিস আদেশ

মন্ত্রণালয়ের ব্যক্তিগত কর্মকর্তা জনাব তাপস কুমার সরকার-কে পুনরাদেশ না দেওয়া পর্যন্ত নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশ দূতাবাস, মেক্সিকো সিটি-তে ব্যক্তিগত কর্মকর্তা পদে বদলি করা হলোঃ

- ক) বেতন : জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী।  
খ) বৈদেশিক ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
গ) চিকিৎসা ভাতা : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে চিকিৎসা সুবিধাদি।  
ঘ) সন্তানাদির শিক্ষা ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
ঙ) উৎসব ভাতা : বিধি অনুযায়ী প্রাপ্য।  
চ) বাসস্থান : বিধি অনুযায়ী সরকারি ব্যয়ে আসবাবপত্রসহ বাসস্থান।  
ছ) বদলি অনুদান : ঢাকায় আহরিত মাসিক বেতনের অর্ধেকের সমপরিমাণ অর্থ। বেতনের এক চতুর্থাংশ ঢাকায় এবং এক চতুর্থাংশ মেক্সিকো সিটি-তে প্রদেয়।  
জ) ভ্রমণ ব্যয় : বিধি অনুযায়ী নিজ এবং পরিবারের সদস্যদের জন্য অনুমোদিত পথে সরকারি ব্যয়ে ঢাকা হতে মেক্সিকো সিটি পর্যন্ত বিমানে সুলভ শ্রেণি-তে (Economy Class) ভ্রমণ এবং তদসঙ্গে আনুষঙ্গিক ব্যয়।  
ঝ) ব্যক্তিগত মালামাল পরিবহন ব্যয় : বিধি অনুযায়ী ঢাকা হতে মেক্সিকো সিটি পর্যন্ত ব্যক্তিগত মালামাল পরিবহন খরচ অথবা ব্যক্তিগত মালামাল পরিবহন বাবদ প্রকৃত খরচ।

২। জনাব তাপস কুমার সরকার-কে উক্ত মিশনে অবিলম্বে যোগদানের জন্য নির্দেশ দেয়া হলো।

৩। উক্ত কর্মকর্তা সরকারি বাসায় অবস্থান করলে আবাসন সংক্রান্ত বিষয়াদি দায়িত্বভার ত্যাগের পূর্বে আবশ্যিকভাবে সাধারণ সেবা-১ শাখায় বৃক্ষিয়ে দিবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বদলি আদেশ জারি করা হলো।

(মোঃ আলমগীর হোসেন)  
সহকারী সচিব (সংস্থাপন-২)  
ফোনঃ ৯৫৬২৯৫১  
ই-মেইল: [p2@mofa.gov.bd](mailto:p2@mofa.gov.bd)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

- ১। মহাপরিচালক (প্রশাসন/পররাষ্ট্র মন্ত্রীর দপ্তর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
২। পরিচালক (পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর/পররাষ্ট্র সচিবের দপ্তর/সংস্থাপন/অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারি ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।  
৪। সিনিয়র সহকারী/সহকারী সচিব (পিএন্ডও/এসএসএ/বাজেট/কনসুলার/এমবি ও ইক্যুপমেন্ট/সাধারণ সেবা-১ ও ২/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।  
৬। মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তা ও তার পরিবারের সদস্যদের অনুকূলে পাসপোর্ট প্রদানের অনুরোধসহ)।  
৭। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক (প্রধান কার্যালয়), মতিঝিল, ঢাকা।  
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা (উক্ত কর্মকর্তা ও তার সহগামীদের বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ, ফ্যাক্স নং-৮৯০১৫৪৪)।  
৯। দূতালয় প্রধান, বাংলাদেশ দূতাবাস, মেক্সিকো সিটি।  
১০। জনাব তাপস কুমার সরকার, ব্যক্তিগত কর্মকর্তা, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।  
১১। অফিস কপি।

(মোঃ আলমগীর হোসেন)  
সহকারী সচিব (সংস্থাপন-২)